

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১০০৯৪

খোয়াই, ১৮ মার্চ, ২০২৩

খোয়াই জেলাভিত্তিক দক্ষতা বিষয়ক কমিটির সভা

খোয়াই জেলাভিত্তিক দক্ষতা বিষয়ক জেলা কমিটির এক সভা সম্প্রতি জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। সভায় খোয়াই জিলা পরিষদের সভাপতি জয়দেব দেববর্মা বলেন, স্বনির্ভর ও শ্রেষ্ঠ ত্রিপুরা গঠনে রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরগুলি সমানভাবে কাজ করছে। এই সুযোগকে কাজে লাগিয়ে যুব সমাজকে আত্মনির্ভর হওয়ার জন্য তিনি এদিনের সভায় আহ্বান জানান। সভায় স্কিল ডেভেলপমেন্ট দপ্তরের যুগ্ম অধিকর্তা সুখিতা পাল বলেন, আগামী ৯ এপ্রিলের মধ্যে জেলার বিভিন্ন এলাকার যুবক যুবতীদের আন্তর্জাতিক জব ফেয়ারে অংশ নেওয়ার জন্য বিভিন্ন ব্লক কার্যালয়, আইটিআইগুলিতে অনলাইনের মাধ্যমে রেজিস্ট্রেশনের জন্য সচেতনতা শিবির করা হবে। সভায় এছাড়া উপস্থিত ছিলেন খোয়াই জেলার জেলাশাসক ডি কে চাকমা, এমজিএনএফ ফেলো (স্কিল ডেভেলপমেন্ট) চুমকি দাস প্রমুখ।
